

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১৭.১৮- ৪৩

তারিখঃ- ১৪.০২.২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলার আদেশের আলোকে শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলাধীন কালাকুড়া নেছারিয়া দাখিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মোঃ নুরুল ইসলামকে পূর্ণ বেতন ভাতাদি (এমপিও) প্রদান প্রসঙ্গে।

- সূত্রঃ (১) সাময়িক বরখাস্তকৃত সুপারের ২৪-০১-২০১৮ খ্রিঃ তারিখের আবেদন।
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০০০.০৪.০০১.১৭-৮৬, তারিখঃ ১২.১১.১৭ খ্রিঃ।
(৩) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৪.০৪.০০১.১৭.৪, তারিখঃ ২৬.০৯.১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলাধীন কালাকুড়া নেছারিয়া দাখিল মাদরাসার সুপার জনাব মোঃ নুরুল ইসলামকে ১১-০৬-২০১৫ খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করা হয় মর্মে আবেদনকারীর আবেদন থেকে জানা যায়।

০২. মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট পিটিশন নং ৩৬৫৭/২০১৫ এর আদেশে নিম্নরূপ নির্দেশনা দেয়া হয়েছে “Accordingly, we declare that in the absence of any law providing otherwise, no person shall be kept under suspension beyond 60(sixty) days from the date of his/her suspension. If the suspension continues for further period, exceeding 60(sixty) days, then the person suspended shall be entitled to receive full pay, instead of subsistence allowance, till the suspension order/letter ends up in a final order.”

০৩. মহামান্য হাইকোর্টের রায়ে আলোকে সূত্রে বর্ণিত স্মারক নং ০২ ও ০৩ অনুযায়ী বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষক/কর্মচারীকে ৬০(ষাট) দিনের বেশী সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি পূর্ণ বেতন (এমপিও) ও অন্যান্য ভাতা সমূহ প্রাপ্য হবেন মর্মে নির্দেশনা জারী করা হয়েছে।


০৪. সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মোঃ নুরুল ইসলাম কর্তৃক উপস্থাপিত কাগজ পত্র পর্যালোচনায় দেখা যায় যে, তাঁকে (জনাব মোঃ নুরুল ইসলাম) ১১-০৬-২০১৫ খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করায় তাঁর সাময়িক বরখাস্তের মেয়াদ ৬০(ষাট) দিনের বেশী হয়েছে বিধায় সুপার হিসেবে জনাব মোঃ নুরুল ইসলাম তাঁর পদের পূর্ণ এমপিও মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী পাওয়ার আইনগত অধিকারী।

০৫. সাময়িক বরখাস্তকৃত সুপার কর্তৃক উপস্থাপিত রেকর্ড পত্র থেকে আরো জানা যায় যে, তাঁর (জনাব মোঃ নুরুল ইসলাম) বিরুদ্ধে কোন ফৌজদারী মামলা বা অন্য কোন মামলা নেই যা মহামান্য হাইকোর্টের নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতার সৃষ্টি করে।

০৬. সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মোঃ নুরুল ইসলাম কর্তৃক উপস্থাপিত রেকর্ড পত্র থেকে জানা যায় যে, মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুসরণক্রমে মাদরাসায় যোগদানের উদ্দেশ্যে নালিতাবাড়ীর উপজেলা নির্বাহী অফিসার বরাবর ২৫-০৯-২০১৭, ০২-১২-২০১৭ এবং ০১-০১-২০১৮ খ্রিঃ তারিখে আবেদন পত্র উপস্থাপন করা হলেও তা গ্রহণ পূর্বক বাস্তবায়নের কোন উদ্যোগ গ্রহণ করা হয় নি।

০৭. সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মোঃ নুরুল ইসলামকে পূর্ণ এমপিও প্রদান না করা মহামান্য হাইকোর্টের নির্দেশনার সুস্পষ্ট লংঘন।

০৮. এমতাবস্থায় উপরে বর্ণিত অনুচ্ছেদ সমূহের আলোকে কালাকুড়া নেছারিয়া দাখিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মোঃ নুরুল ইসলামকে মহামান্য হাইকোর্টের নির্দেশনা মোতাবেক (জনাব মোঃ নুরুল ইসলাম) তাঁর পূর্ণ বেতন-ভাতাদি (এমপিও) প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ২৫-০২-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে এ অধিদপ্তরকে অবহিতির জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ব্যর্থতায় আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।


(মোঃ ফরিদ আহমেদ)

সহকারী পরিচালক (অডিট ও আইন)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সুপার (ভারপ্রাপ্ত)

কালাকুড়া নেছারিয়া দাখিল মাদরাসা

পো:-নন্দী, উপজেলা:-নালিতাবাড়ী, জেলা:-শেরপুর।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলভবন(৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
২. জেলা প্রশাসক, শেরপুর।
৩. উপজেলা নির্বাহী অফিসার, নালিতাবাড়ী, জেলা:-শেরপুর। (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
৪. জেলা শিক্ষা অফিসার, শেরপুর (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নালিতাবাড়ী, জেলা:-শেরপুর (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
৬. সভাপতি, কালাকুড়া নেছারিয়া দাখিল মাদরাসা, পো:-নন্দী, উপজেলা:-নালিতাবাড়ী, জেলা:-শেরপুর। (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
৭. অফিস কপি।

